



মব কালচার আর নয়, আইনভিত্তিক দাবির আস্থান স্বরাষ্ট্রমন্ত্রীর



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

দেশে বিশৃঙ্খল ভিড় বা তথাকথিত ‘মব কালচার’ বরদাস্ত করা হবে না বলে স্পষ্ট জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, দাবি-দাওয়া থাকলে তা নির্ধারিত ও আইনসম্মত প্রক্রিয়ায় উপস্থাপন করতে হবে; সড়ক অবরোধ বা জোরপূর্বক চাপ সৃষ্টির সুযোগ আর থাকবে না।

বুধবার (১৮ ফেব্রুয়ারি) সন্ধ্যায় সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে পরিচিতি সভা ও মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। মন্ত্রী বলেন, গণতান্ত্রিক অধিকার হিসেবে মিছিল-সমাবেশ চলবে, তবে জনভোগান্তি তৈরি করে বা মহাসড়ক আটকে দাবিদাওয়া আদায়ের চেষ্টা গ্রহণযোগ্য নয়।

তিনি আরও বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয় মানেই শুধু পুলিশ নয়— এর অধীনে আরও কয়েকটি গুরুত্বপূর্ণ সংস্থা কাজ করছে, যা সম্পর্কে সাধারণ মানুষের ধারণা কম। পুলিশকে জনগণের আস্থার জায়গায় ফিরিয়ে আনতে হবে এবং অতীতে ক্ষতিগ্রস্ত ভাবমূর্তি পুনর্গঠন করতে হবে বলেও উল্লেখ করেন তিনি।

দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থানের কথাও জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তাঁর ভাষ্য, মন্ত্রণালয়কে সম্পূর্ণ স্বচ্ছ ও জবাবদিহিমূলক কাঠামোয় পরিচালনা করা হবে; কোনো ধরনের অবৈধ তদবির সহ্য করা হবে না।

বাহিনীর ভেতরে কেউ অপরাধে জড়িত থাকলে দ্রুত তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলেও তিনি সতর্ক করেন।